
নুশিন ইলেকট্রনিক্স
প্রোঃ মোঃ রেদওয়ান
এখানে সকল প্রকার ব্যাটারী (আইপিএস, গাড়ি, সৌর বিদ্যুৎ, চার্জার ফ্যানসহ অন্যান্য ব্যাটারী), ইলেকট্রিক মালামাল ও হাইব্রিড সোলার বিক্রয় এবং সরবরাহ করা হয়।
স্টেডিয়াম রোড, (টি.এন.টি অফিস সংলগ্ন) চাঁদপুর।
মোবাইল : ০১৮১৮৩১৭৮২৪, ০১৯৬১১০০৩০৫



দৈনিক চাঁদপুর দিগন্ত

The Daily Chandpur Diganta

সত্য প্রকাশে অবিচল

সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত

মঙ্গলবার
রেজিঃ নং-চ-৫১৩
২৯ সেপ্টেম্বর ২০২৬
২১ তম বর্ষ : সংখ্যা-৫৬
১৪ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
১৬ রবি: সানি ১৪৪৮ হিজরী
মূল্য ৫ টাকা

E-mail : dailydiganta@gmail.com
Website : www.chandpurdiganta.com


# দেশে আশঙ্কাজনক হারে বাড়ছে শিশু ধর্ষণ

**দিগন্ত ডেস্ক**



দেশে আশঙ্কাজনক হারে বাড়ছে শিশু ধর্ষণ। চলতি বছরের প্রথম ৬ মাসেই ৩৩৬ জন শিশু ধর্ষণের শিকার হয়েছে। আর বিগত ২০২১ থেকে ২০২৬ সালের জুলাই পর্যন্ত দেশে মোট ৩৪ হাজার ৯২২টি ধর্ষণের মামলা হয়েছে। তার মধ্যে ১১ হাজার ৭৪৪টিই শুধু শিশু ধর্ষণের মামলা। শিশুরা নিজ ঘর, শিক্ষা প্রতিষ্ঠানসহ বিভিন্ন স্থানে ওই নির্যাতনের শিকার হচ্ছে। আর নিকটাত্মীয় ও পরিচিতদের মাধ্যমেই ঘটছে ওসব ঘটনা। শিশু ধর্ষণের ক্ষেত্রে অপরাধীরা নানা কৌশল নেয়। তার মধ্যে রয়েছে শিশুদের খাবারের লোভ দেখিয়ে বা একা পেয়ে ধর্ষণ করা হয়। তাছাড়া খেলার সময় কৌশলে ডেকে নিয়ে এবং কিছুক্ষেত্রে ভয় দেখিয়ে বা ব্ল্যাকমেল করেও করা হয় শিশু ধর্ষণ। পুলিশ বিভাগ ও মানবাধিকার সংগঠন সংশ্লিষ্ট সূত্রে এসব তথ্য জানা যায়।

সংশ্লিষ্ট সূত্র মতে, চলতি ২০২৬ সালের প্রথম ৬ মাসে ধর্ষণের শিকার হয় ৩৩৬টি শিশু। তার মধ্যে ১২৭টি মেয়ে শিশু আর ২৪ জন ছেলে শিশু। আর বিগত ২০২৫ সালে পুরো বছরে দেশে শিশু ধর্ষণের ঘটনা ঘটেছিল ৩০৮টি। ফলে গত ● ২-এর পাতায় দেখুন



আল আমিন একাডেমি স্কুল এন্ড কলেজের গভর্নিং বডি সরকার কর্তৃক বেআইনিভাবে বাতিলের প্রতিবাদে মানববন্ধন এবং জেলা প্রশাসক বরাবর স্মারকলিপি প্রদান।

# চাঁদপুর আল আমিন একাডেমির গভর্নিং বডি বাতিলের প্রতিবাদে মানববন্ধন-স্মারকলিপি

**শহর প্রতিনিধি**

চাঁদপুর আল আমিন সোসাইটি কর্তৃক প্রতিষ্ঠিত ও পরিচালিত আল আমিন একাডেমি স্কুল এন্ড কলেজের গভর্নিং বডি সরকার কর্তৃক বেআইনিভাবে বাতিলের প্রতিবাদে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (২৮ সেপ্টেম্বর) সকালে চাঁদপুর জেলা প্রশাসক কার্যালয়ের সামনে এ মানববন্ধনের আয়োজন করা হয়। এতে প্রতিষ্ঠানের শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক ও সংশ্লিষ্টরা অংশগ্রহণ করেন।

মানববন্ধনে অভিভাবকরা বলেন, দীর্ঘদিন ধরে আল-আমিন সোসাইটির মাধ্যমে প্রতিষ্ঠানটি পরিচালিত হয়ে আসছে। সোসাইটির সুষ্ঠু ব্যবস্থাপনার কারণে প্রতিষ্ঠানটি চাঁদপুরের অন্যতম গুরুত্বপূর্ণ শিক্ষা প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। তাই সোসাইটির গঠিত পরিচালনা পর্ষদ বহাল রেখে শিক্ষা কার্যক্রম পরিচালনার দাবি জানান তারা।

মানববন্ধন শেষে অভিভাবক মহলের পক্ষ থেকে কর্মসূচির সভাপতি ● ২-এর পাতায় দেখুন

### প্রকাশ্যে প্রাণনাশের হুমকি

# চাঁদপুরে ছাত্রদল পরিচয়ে আইনজীবীর চেম্বারে সন্ত্রাসী হামলা-ভাঙচুর

**শহর প্রতিনিধি**

চাঁদপুরের ঐতিহ্যবাহী আল-আমিন একাডেমি স্কুল অ্যান্ড কলেজের পরিচালনা পর্ষদ (গভর্নিং বডি) বাতিলের সিদ্ধান্তের প্রতিবাদে আয়োজিত



অ্যাডভোকেট মো: শাহজাহান খানের চেম্বারে সন্ত্রাসী হামলা।

মানববন্ধনে বক্তব্য দেওয়াকে কেন্দ্র করে এক আইনজীবীর চেম্বারে অতর্কিত হামলা, ভাঙচুর ও লাঞ্ছনার ঘটনা ঘটেছে।

সোমবার (২৮ সেপ্টেম্বর) সকাল ১০টায় চাঁদপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে পরিচালনা পর্ষদ বাতিলের প্রতিবাদে শত শত অভিভাবক, শিক্ষক ও শিক্ষার্থীর অংশগ্রহণে এক মানববন্ধন ● ২-এর পাতায় দেখুন



আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উপলক্ষে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন চাঁদপুর জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান।

### চাঁদপুরে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবসের র‍্যালি ও আলোচনা সভা

# প্রয়োজনীয় তথ্য জনগণের কাছে পৌছাতে ওয়েব পোর্টাল হালনাগাদের কাজ দ্রুত বাস্তবায়ন করা হবে

------জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান

**স্টাফ রিপোর্টার**

চাঁদপুর জেলা প্রশাসনের আয়োজনে ও চাঁদপুর সচেতন নাগরিক কমিটি (সনাক) টিআইবি'র সহযোগিতায় ডিজিটাল যুগে সঠিক তথ্য নিশ্চিতকরণ : অপতথ্য রোধে তথ্য অধিকারের ভূমিকা" স্লোগানে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৬ উপলক্ষে র?্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে? ২৮ সেপ্টেম্বর (সোমবার) সকাল সাড়ে ৯টায় চাঁদপুর জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গনে চাঁদপুর জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমানের নেতৃত্বে র?্যালি অনুষ্ঠিত হয়। র‍্যালি শেষে সকাল ১০টায় চাঁদপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলন কক্ষে আলোচনা সভা ● ৩-এর পাতায় দেখুন

# চাঁদপুর জেলা জামায়াতের নিন্দা ও প্রতিবাদ

**প্রেস বিজ্ঞপ্তি**

চাঁদপুর শহর জামায়াতের আমীর এডভোকেট শাহজাহান খানের আইনজীবী চেম্বারে হামলা ভাংচুর ও হুমকির তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন চাঁদপুর জেলা জামায়াতের আমীর মাওলানা বিল্লাল হোসাইন মিয়াজী ও জেলা সেক্রেটারী এডভোকেট মোঃ ● ২-এর পাতায় দেখুন

# জাতীয় নাগরিক পার্টি এনসিপি চাঁদপুর জেলার নিন্দা ও প্রতিবাদ

**প্রেস বিজ্ঞপ্তি**

চাঁদপুর আল-আমিন সোসাটির নির্বাহী সদস্য ও আল-আমিন একাডেমী স্কুল এন্ড কলেজের গভর্নিং বডির সদস্য বাংলাদেশ জামায়াতে ইসলামী চাঁদপুর শহর শাখার আমীর এডভোকেট শাহজাহান খাঁনের উপর সন্ত্রাসী হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন জাতীয় নাগরিক পার্টি এনসিপি চাঁদপুর জেলা আহ্বায়ক মোঃ মাহবুব আলম ও সদস্য সচিব আমানুল্লাহ পাটওয়ারী।



আটক ব্যক্তিদের অপরাধের সঙ্গে সম্পৃক্ততা যাচাই-বাছাই করা হচ্ছে।

### অভিভাবকদের সতর্ক করল পুলিশ

# চাঁদপুরে কিশোর গ্যাং বিরোধী অভিযানে আটক ৩৭০

**স্টাফ রিপোর্টার**

চাঁদপুরের ৮ উপজেলায় একযোগে কিশোর গ্যাং বিরোধী অভিযান চালিয়ে ৩৭০ জনকে আটক করা হয়েছে। রোববার (২৭ সেপ্টেম্বর) সন্ধ্যার পর থেকে রাত ১০ পর্যন্ত থানা পুলিশ ও ডিবি পুলিশ পৃথক পৃথক অভিযানে তাদের আটক করা হয়। অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) নাদিরা নুর জানান, জেলার আটটি থানা-পুলিশ ও ডিবি পুলিশের সমন্বয়ে একযোগে ওই অভিযান চালানো হয়। চট্টগ্রাম রেঞ্জের ডিআইজি আবদুল কুদ্দুছ চৌধুরীর নির্দেশে ও চাঁদপুরের পুলিশ সুপার মো. মিজানুর রহমানের নেতৃত্বে তারা ওই অভিযান চালান। জেলা পুলিশ সূত্রে ● ২-এর পাতায় দেখুন

# চাঁদপুরে লাইসেন্স ছাড়াই খাদ্যপণ্য উৎপাদনের দায়ে ৩ মাসের কারাদণ্ড

**শহর প্রতিনিধি**

চাঁদপুরে বিএসটিআই-এর লাইসেন্স ছাড়াই চানাচুর ও আচার উৎপাদন, মোড়কজাত ও বাজারজাত করার দায়ে আল মদিনা ফুড প্রোডাক্টস নামের একটি প্রতিষ্ঠানকে ৫০ হাজার টাকা জরিমানা ও ৩মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করেছে ভ্রাম্যমাণ আদালত।

সোমবার দুপুরে চাঁদপুর সদর উপজেলার ওয়্যারলেস এলাকায় জেলা প্রশাসন ও বিএসটিআই-এর আঞ্চলিক কার্যালয় কুমিল্লার যৌথ উদ্যোগে পরিচালিত ভ্রাম্যমাণ আদালতের এ অভিযানে নেতৃত্ব দেন জেলা প্রশাসকের কার্যালয়ের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট নাজমুল হুদা।

এ সময় প্রসিকিউটর হিসেবে উপস্থিত ছিলেন বিএসটিআই আঞ্চলিক কার্যালয়, কুমিল্লার পরিদর্শক (মেট্রোলজি) মো. লুৎফর ● ২-এর পাতায় দেখুন



চাঁদপুরে ভ্রাম্যমান আদালতের অভিযান।

# স্থানীয় নির্বাচন ঘিরে চাঁদপুর পুলিশের ২ দিনব্যাপী প্রশিক্ষণ শুরু

**শহর প্রতিনিধি**

আসন্ন স্থানীয় সরকার নির্বাচনকে সামনে রেখে নির্বাচনকালীন দায়িত্ব পালনে চাঁদপুর জেলা পুলিশের দক্ষতা, সক্ষমতা ও পেশাগত প্রস্তুতি বৃদ্ধির লক্ষ্যে দুই দিনব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির ৪র্থ ব্যাচের কার্যক্রম শুরু হয়েছে। সোমবার (২৮ সেপ্টেম্বর ২০২৬) চাঁদপুর জেলা পুলিশ লাইন্স অডিটোরিয়ামে এ




চাঁদপুরে পুলিশের ২ দিনব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির ৪র্থ ব্যাচের উদ্বোধন করেন পুলিশ সুপার মোঃ মিজানুর রহমান।

প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করা হয়। প্রশিক্ষণে নির্বাচনকালীন আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ, নিরাপত্তা নিশ্চিতকরণ, দায়িত্ব পালনের কৌশল, পেশাগত আচরণ এবং পরিস্থিতি অনুযায়ী কার্যকর পদক্ষেপ গ্রহণসহ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে পুলিশ সদস্যদের প্রশিক্ষণ দেওয়া ● ২-এর পাতায় দেখুন




দেশকে অস্থিতিশীল করার ষড়যন্ত্রের প্রতিবাদে চাঁদপুর জেলা শ্রমিক দলের মিছিল।

### দেশকে অস্থিতিশীল করার ষড়যন্ত্রের প্রতিবাদে চাঁদপুর জেলা শ্রমিক দলের সমাবেশ ও মিছিল

# বিএনপি পুলিশ দিয়ে নয়, রাজনৈতিকভাবে প্রতিপক্ষকে মোকাবিলা করবে

------অ্যাড. সলিম উল্যা সেলিম

**স্টাফ রিপোর্টার**

দেশব্যাপী পরিকল্পিত সন্ত্রাসের মাধ্যমে দেশকে অস্থিতিশীল করার ষড়যন্ত্রের প্রতিবাদে চাঁদপুর জেলা শ্রমিক দলের উদ্যোগে বিক্ষোভ সমাবেশ ও মিছিল অনুষ্ঠিত হয়েছে। সোমবার (২৮ সেপ্টেম্বর) বিকেলে চাঁদপুর জেলা বিএনপির কার্যালয়ের সামনে মিছিলপূর্ব সংক্ষিপ্ত ● ২-এর পাতায় দেখুন

# 'আমেরিকান অ্যাসোসিয়েশন অফ বাংলাদেশী ইঞ্জিনিয়ার্স অ্যান্ড আর্কিটেক্টস' (AABEA) দ্বিবার্ষিক জাতীয় সম্মেলনে ড. মো. সবুর খানের অংশগ্রহণ

**সংবাদ বিজ্ঞপ্তি**

ড্যাফোডিল গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান এবং ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ডিআইইউ) ট্রাষ্টিবোর্ডের চেয়ারম্যান ড. মো. সবুর খান মিশিগানের ডেট্রয়েটে অনুষ্ঠিত 'আমেরিকান অ্যাসোসিয়েশন অফ বাংলাদেশি ইঞ্জিনিয়ার্স অ্যান্ড আর্কিটেক্টস' (অঅইউঅ)-এর ২০২৬ সালের দ্বিবার্ষিক জাতীয় সম্মেলনে বিশেষ অতিথি ও বক্তা হিসেবে অংশগ্রহণ করেন।

২৫ থেকে ২৭ সেপ্টেম্বর পর্যন্ত আয়োজিত এই তিন দিনব্যাপী সম্মেলনে সমগ্র যুক্তরাষ্ট্র থেকে বাংলাদেশী প্রকৌশলী, স'পতি, কম্পিউটার বিজ্ঞানী, গবেষক, শিক্ষাবিদ এবং পেশাজীবীরা




মিশিগানের ডেট্রয়েটে অনুষ্ঠিত 'আমেরিকান অ্যাসোসিয়েশন অফ বাংলাদেশি ইঞ্জিনিয়ার্স অ্যান্ড আর্কিটেক্টস' (অঅইউঅ)-এর দ্বিবার্ষিক জাতীয় সম্মেলনে বিশেষ অতিথির বক্তব্য রাখছেন ড্যাফোডিল গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান এবং ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ডিআইইউ) ট্রাষ্টিবোর্ডের চেয়ারম্যান ড. মো. সবুর খান।

একত্রিত হন। এই আয়োজনটি পেশাগত মতবিনিময়, নেটওয়ার্কিং এবং বাংলাদেশের উন্নয়নে অবদান রাখার সুযোগ নিয়ে আলোচনার একটি প্ল্যাটফর্ম হিসেবে কাজ করে। "বাংলাদেশের জন্য জনহিতকর কার্যক্রম, শিক্ষা ও সামাজিক প্রভাব" (চযরষধহঃযৎড়ঢ়ু, উফঁপধঃরড়হ, ধহফ ঝড়পরধষ ওসঢ়ধপঃ ভড়ৎ ইধহমষধফবংয) শীর্ষক বক্তব্যে ড. খান জনহিতকর কার্যক্রমকে কেবল স্বল্পমেয়াদী সহায়তা থেকে দীর্ঘমেয়াদী সক্ষমতা-নির্মাণমূলক উদ্যোগে রূপান্তরের ওপর গুরুত্বারোপ করেন। তিনি "দান থেকে সক্ষমতা" এবং "সুযোগ থেকে মর্যাদার" দিকে এগিয়ে যাওয়ার নীতির ওপর আলোকপাত করেন; যেখানে শিক্ষা, দক্ষতা উন্নয়ন, ● ২-এর পাতায় দেখুন

# মিরপুরের রাড্ডা স্বাস্থ্যকেন্দ্র পুনঃপ্রতিষ্ঠায় ৫০ লাখ টাকা দেবে জামায়াত

**দিগন্ত ডেস্ক**

রাজধানীর মিরপুরে হামলা, ভাঙচুর ও লুটপাটে ক্ষতিগ্রস্ত রাড্ডা এমসিএইচ-এফপি সেন্টার পুনঃপ্রতিষ্ঠায় ৫০ লাখ টাকা অনুদানের ঘোষণা দিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। সোমবার (২৮ সেপ্টেম্বর) বিকেল সাড়ে ৪টার দিকে ক্ষতিগ্রস্ত স্বাস্থ্যকেন্দ্রটি পরিদর্শন করে এ ঘোষণা দেন জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ● ২-এর পাতায় দেখুন

# হাজীগঞ্জে মক্তবে যাওয়ার পথে মাইক্রোবাস চাপায় শিশুর মৃত্যু

**হাজীগঞ্জ প্রতিনিধি**

হাজীগঞ্জে মক্তবে যাওয়ার পথে মাইক্রোবাস চাপায় আনিশা ইসলাম নামের ৮ বছর বয়সী এক শিশু মারা গেছে। সোমবার (২৮ সেপ্টেম্বর) ভোরে উপজেলার হাজীগঞ্জ-কচুয়া সড়কের পাতানিশ দক্ষিণপাড়া বেপারী বাড়ির সামনে এ দুর্ঘটনা ঘটে।

মারা যাওয়া শিশু আনিশা ইসলাম উপজেলার হাটিলা পশ্চিম ইউনিয়নের পাতানিশ গ্রামের দক্ষিণপাড়া বেপারী বাড়ির মো. ইমরান হোসেনের একমাত্র মেয়ে। ● ২-এর পাতায় দেখুন

### কচুয়ার কড়ইয়া মাদকবিরোধী সমাবেশ অনুষ্ঠানে ওসি

# মাদকের সঙ্গে যারা সম্পৃক্ত থাকবে, তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে

**নিজস্ব প্রতিনিধি**

"মাদকমুক্ত করা আমাদের অঙ্গীকার"–এই স্লোগানকে সামনে রেখে কচুয়া উপজেলার কড়াইয়া এলাকায় মাদকবিরোধী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।



কচুয়ার কড়ইয়ায় মাদকবিরোধী সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখছেন ওসি আজিজুল ইসলাম।

সোমবার (২৮ সেপ্টেম্বর) বিকাল ৩টায় কড়ইয়া উত্তরপাড়া ফোরকানিয়া নূরানী ও হাফিজিয়া মাদ্রাসা মাঠে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সাবেক কমিশনার আব্দুর রহিম প্রধানের সভাপতিত্বে এবং মোঃ মাজহারুল ইসলাম ও মোঃ ইমান আলীর যৌথ সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কচুয়া থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ আজিজুল ইসলাম।

প্রধান অতিথির বক্তব্যে ওসি মোঃ আজিজুল ইসলাম মাদকবিরোধী সামাজিক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানান। তিনি বলেন, "আমি আপনাদের আগামী মাসের ২৮ তারিখ পর্যন্ত সময় ● ২-এর পাতায় দেখুন



চাঁদপুর সদর উপজেলা বিএনপির মতবিনিময় সভা।

### সাপের জীবন্ত বাচ্চাসহ সদর হাসপাতালে পিতা

# হাইমচরে রাসেল ভাইপারের কামড়ে ৩ বছরের শিশু আহত

**হাইমচর প্রতিনিধি**

হাইমচরে রাসেল ভাইপার সাপের কামড়ে মারিয়াম (৩) নামের তিন বছরের এক শিশু গুরুতর আহত হয়েছে। চাঞ্চল্যকর এই ঘটনার পর শিশুটির পিতা আতঙ্কিত অবস্থায় কামড় দেওয়া সাপের একটি জীবন্ত বাচ্চাসহ চাঁদপুর সদর হাসপাতালে হাজির হন, যা এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি করে।

সোমবার (২৮ সেপ্টেম্বর) চাঁদপুর সদর হাসপাতাল সূত্রে এই চাঞ্চল্যকর তথ্য জানা গেছে। এর আগে হাইমচর উপজেলার নীলকমল ইউনিয়নের ৯নং ওয়ার্ডের শেখ কান্দি এলাকায় এই সাপের ● ২-এর পাতায় দেখুন

# চাঁদপুর সদরের ১৪ ইউনিয়নে বিএনপির একক প্রার্থী নির্ধারণে মতবিনিময় সভা

**শহর প্রতিনিধি**

আসন্ন স্থানীয় সরকার নির্বাচনে চাঁদপুর সদর উপজেলার ১৪টি ইউনিয়নে বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) একক প্রার্থী নিশ্চিত করার লক্ষ্যে এক গুরুত্বপূর্ণ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (২৮ সেপ্টেম্বর ২০২৬) বিকেল ৪টায় চাঁদপুর জেলা বিএনপি কার্যালয়ে এই সভার আয়োজন করা হয়। চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য ও জেলা ● ২-এর পাতায় দেখুন

# ফরিদগঞ্জে ইউপি চেয়ারম্যান হারুনুর রশিদ গ্রেপ্তার



**ফরিদগঞ্জ প্রতিনিধি**

ফরিদগঞ্জে পুলিশের বিশেষ অভিযানে বালিথুবা পূর্ব ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মো. হারুনুর রশিদকে (৫০) গ্রেপ্তার করা হয়েছে।

সোমবার (২৮ সেপ্টেম্বর) দুপুরে গোপন সংবাদের ভিত্তিতে চাঁদপুরের ইচলি চৌরাস্তা এলাকায় অভিযান চালিয়ে তাঁকে গ্রেপ্তার করে থানা পুলিশ। গ্রেপ্তারকৃত ইউপি চেয়ারম্যান মো. হারুনুর রশিদ উপজেলার বালিথুবা পূর্ব ইউনিয়নের শোশাইরচর গ্রামের হাজী বাড়ীর মীর হোসেনের ছেলে। তিনি ওই ইউনিয়ন থেকে টানা দুইবার নির্বাচিত ইউপি চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করে আসছিলেন। ● ২-এর পাতায় দেখুন


স্থান পরিবর্তন
পুরাতন ঠিকানা
নতুন বাজার মোড়, চাঁদপুর।
নতুন ঠিকানা
বিদ্যুৎ অফিসের অপর পাশে, নতুনবাজার, চাঁদপুর।
নিউ ক্যাফে ঝীল হোটেল এন্ড রেষ্টুরেন্ট
মোবাইল : ০১৮১৯-১৪২০২৫, ০১৭৩৪-৮৩৫২০৪

বিসমিল্লাহির রাহমানির রাহিম
হিলশা ইলেকট্রনিক্স

WALTON KONKA GREE কোম্পানির সকল মালামাল পাইকারি ও খুচরা বিক্রয় করা হয়।
01623-392568, 01818-734125, 01633-153049
শো-রুম ১: ওয়্যারলেছ বাজার, চাঁদপুর সদর, চাঁদপুর। | শো-রুম ২: চৌরাস্তা বাজার, বাগাদী, চাঁদপুর সদর, চাঁদপুর।

বিশ্ববিদ্যালয় ভর্তির
সবচেয়ে সেরা ভর্তি কোচিং
ইউনিএইড চাঁদপুর
ভর্তি চলছে
৮,০০০ টাকা ছাড়ে!
বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা।
বিগত ৭ বছরে ইউনিএইড চাঁদপুরে কোচিং করে
১৫১ জন ঢাকা বিশ্ববিদ্যালয়ে সহ
৫৪০ এর অধিক বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে চান্স।
বিস্তারিত জানতে : Uniaid Chandpur এর ফেসবুক
01958020808 Whatsapp এ যোগাযোগ করুন।
ইউনিএইড চাঁদপুর
ছায়াবানী মোড় থেকে ২৫০ গজ দক্ষিণে প্রিমিয়ার হাসপাতালের বিপরীতে।

মোঃ সালাউদ্দিন (জসিম)
প্রোপ্রাইটর
মেসার্স সালাউদ্দিন এন্টারপ্রাইজ
সকল প্রকার সেনিটারী, ইলেকট্রিক, হার্ডওয়্যার মালামাল খুচরা ও পাইকারী বিক্রয় করা হয়।
টেকনো হান্নান কমপ্লেক্সের বিপরীত পাশে, হাজী মহসীন রোড, চাঁদপুর।
মোবাইল : ০১৬৪৮০১৩২৫৬, ০১৭৩০৭৪০৭৭৮

দৈনিক চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta — সত্য প্রকাশে অবিচল
মঙ্গলবার ২৯ সেপ্টেম্বর ২০২৬, ১৪ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ, ১৬ রবিঃ সানি ১৪৪৮ হিজরী

English & Maths Care
আপনার সন্তানকে একাডেমিক ও ক্যারিয়ারে এগিয়ে রাখবে
Spoken English
Kids Spoken & Phonetics:
★ Kids Spoken Level 01: KG to Class Two
★ Kids Spoken Level 02: Class Two to Five
★ Spoken English: Class Six to Nine
★ Professional Spoken
★ One to one Communicative English
★ Academic English Writing With Grammar
০১৯৭৪-৯২৪৩০০
01974-924300

# শাহরাস্তিতে গভীর রাতে ইলেকট্রিক শক দিয়ে অসাধু উপায়ে মাছ নিধন

**শাহরাস্তি প্রতিনিধি**



শাহরাস্তিতে প্রশাসনের তদারকির অভাবে ডাকাতিয়া নদীতে অভিনব উপায়ে মাছ নিধন, বিলুপ্তির পথে দেশীয় মাছ গ্রামবাংলার ঐতিহ্যবাহী দেশীয় প্রজাতির মাছ ধীরে ধীরে বিলুপ্তির পথে। নদীতে কাঙ্ক্ষিত মাছ না পাওয়ায় চরম হতাশায় দিন কাটাচ্ছেন জেলেরা। অথচ চাঁদপুরের প্রাণ খ্যাত ডাকাতিয়া নদী একসময় এ অঞ্চলের মাছের চাহিদা পূরণে মূল ভূমিকা পালন করত। রুই, কাতলা, মৃগেল, কই, শিং, পুঁটি, মাগুর, চিংড়ি, মলা ও ঢেলাসহ নানা প্রজাতির মাছে একসময় সয়লাব থাকতো স্থানীয় হাটবাজারগুলো। নদীটি ছিলো দু'পাড়ের মানুষের প্রধান জীবিকার উৎস।

তবে অভিযোগ উঠেছে, প্রশাসনের তদারকির অভাবে এবং একশ্রেণীর অসাধু ব্যক্তির ক্ষতিকর পন্থায় মাছ শিকারের কারণে নদীটি এখন মৎস্যশূন্য হতে বসেছে। সরেজমিনে ডাকাতিয়া নদীর বিভিন্ন পয়েন্টে গিয়ে দেখা যায় অবৈধ কারেন্ট জাল ও চায়না দুয়ারি (রিং) জালের অবাধ ব্যবহার। সবচেয়ে মারাত্মক বিষয় হলো-গভীর রাতে ইলেকট্রিক শক (তড়িৎ প্রবাহ) দিয়ে অসাধু উপায়ে মাছ শিকার।

নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকজন শিকারী জানান, রিং জালে রেণু ও পোনা মাছসহ ছোট-বড় সব মাছ আটকা পড়ে ধ্বংস হয়ে যাচ্ছে। আর ইলেকট্রিক শক দেওয়ার ফলে নির্দিষ্ট মাছের পাশাপাশি আশেপাশের ছোট-বড় অন্য সব জলজ প্রাণীও মারা যাচ্ছে। এ অবস্থা চলতে থাকলে দ্রুতই মাছশূন্য হয়ে পড়বে ঐতিহ্যবাহী এ নদী।

স্থানীয় মৎস্যচাষী জামাল হোসেন আফসোস করে বলেন, "নদীতে মাছের উৎপাদন তলানিতে ঠেকেছে, এখন ● ৩-এর পাতায় দেখুন



*কচুয়ার মনোহরপুর গ্রামের ভেঙ্গে যাওয়া কালভার্ট ব্রিজের চিত্র।*

# কচুয়ার মনোহরপুর কালভার্ট ব্রিজটি যেনো মৃত্যুফাঁদ!

**নিজস্ব প্রতিনিধি**

কচুয়া উপজেলার কালিয়াপাড়া মেইন সড়ক থেকে মনোহরপুর উচ্চ বিদ্যালয়ের পশ্চিম পাশে বেপারি বাড়ি সংলগ্ন কালভার্ট ব্রিজটি প্রায় অংশ ভেঙ্গে যাওয়ায় মৃত্যুফাঁদে পরিণতি হয়েছে। ব্রিজটি ব্যবহারের অনুপযোগী হয়ে পড়ায় যেকোনো সময় বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে বলে আশঙ্কা করছেন এলাকাবাসী।

উপজেলা ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক ইমতিয়াজ আহমেদ রাব্বির সাথে কথা বলে জানা যায়, মনোহরপুর উচ্চ বিদ্যালয় থেকে প্রায় ৫০ মিটার পিছনে বেপারি বাড়ির সামনে অবস্থিত ব্রিজটি ● ৩-এর পাতায় দেখুন

# লঞ্চ ভাড়া বাড়ায় চাঁদপুর-ঢাকা নৌপথে কমেছে যাত্রী

**স্টাফ রিপোর্টার**

জ্বালানি তেলের দাম বাড়ার পর চাঁদপুর-ঢাকা নৌপথে লঞ্চভাড়া বাড়ানো হয়েছে। এতে এ পথে কমতে শুরু করেছে যাত্রী চলাচল। লোকসানের কারণে কমিয়ে দেওয়া হয়েছে লঞ্চের সংখ্যা ও শিডিউল। মালিকদের দাবি, প্রতিটি লঞ্চে দৈনিক ৩০ থেকে ৪০ হাজার টাকা পর্যন্ত লোকসান হচ্ছে।

বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) থেকে ঢাকা থেকে চাঁদপুরগামী লঞ্চগুলোতে নতুন ভাড়ার তালিকাও টানানো হয়েছে।

লঞ্চ কর্তৃপক্ষ জানিয়েছে, ডেকের পাশাপাশি শোভন শ্রেণি ও কেবিনের ভাড়াও সেবার ধরন অনুযায়ী সমন্বয় করা হয়েছে। ডেক শ্রেণির ভাড়া ২০ টাকা বাড়িয়ে ২০০ থেকে ২২০ টাকা করা হয়েছে।

এর আগে, ১০০ কিলোমিটারের কম দূরত্বের নৌপথে প্রতি কিলোমিটারে লঞ্চভাড়া ছিল ২ টাকা ৯৫ পয়সা। নতুন সিদ্ধান্তে তা ২৩ পয়সা বাড়িয়ে ৩ টাকা ১৮ পয়সা করা হয়েছে। সে হিসাবে ৬৮ কিলোমিটার দীর্ঘ ঢাকা-চাঁদপুর নৌপথে ভাড়া দাঁড়ায় প্রায় ২১৬ টাকা। ● ৩-এর পাতায় দেখুন



*ঐতিহ্যবাহী কামতা বাজার ব্যবসায়ী সমিতির নির্বাচনকে কেন্দ্র করে উৎসবের আমেজ।*



*কচুয়ার রহিমানগর বাজারের রাস্তা-ড্রেনেজ ব্যবস্থা পরিদর্শন করছেন উপজেলা এলজিইডির উপসহকারী প্রকৌশলী মোস্তাকিম আহমেদ।*

# কচুয়ার রহিমানাগর বাজারের রাস্তা-ড্রেনেজ ব্যবস্থা পরিদর্শনে উপজেলা এলজিইডি অফিস

**কচুয়া প্রতিনিধি**

কচুয়া উপজেলার রহিমানাগর বাজারের বিভিন্ন সড়ক সংস্কার ও ড্রেন নির্মাণের সম্ভাব্যতা যাচাইয়ে বাজারের বিভিন্ন এলাকা পরিদর্শন ও পরিমাপ করেছে উপজেলা স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)।

সোমবার সকালে রহিমানগর বাজারের প্রধান সড়ক থেকে শুরু করে ভেতরের সবজি, মাছ ও মাংসের বাজারসহ বিভিন্ন সড়ক ও ড্রেনেজ ব্যবস্থা পরিদর্শন করেন উপজেলা এলজিইডির উপসহকারী প্রকৌশলী মোস্তাকিম আহমেদ। এ সময় প্রয়োজনীয় স্থানে সড়ক সংস্কার ও ড্রেন নির্মাণের জন্য পরিমাপ করা হয়। স্থানীয় ব্যবসায়ী ও বাজারসংশ্লিষ্ট ● ৩-এর পাতায় দেখুন

# জেলা শ্রমিক দলের বিক্ষোভ সমাবেশে সিএনজি অটোরিক্সা শ্রমিক দলের যোগদান

**স্টাফ রিপোর্টার**

পরিকল্পিত সন্ত্রাসীদের দিয়ে দেশে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টির প্রতিবাদে বাংলাদেশ জাতীয়তাবাদী শ্রমিক দলের বিক্ষোভ মিছিল ও সমাবেশে বাংলাদেশ জাতীয়তাবাদী সিএনজি অটোরিক্সা শ্রমিক দল (রেজিঃ নং-বি-২০৭৫) চাঁদপুর জেলা কমিটির নেতৃবৃন্দ যোগদান করেন। এসময় উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয়তাবাদী সিএনজি অটোরিক্সা শ্রমিক দলের সভাপতি মোঃ মকবুল হোসেন শেখ, সহ-সভাপতি মোঃ সোহেল গাজী, সাধারণ সম্পাদক মোঃ মনির হোসেন ফরাজী, দপ্তর সম্পাদক ওয়ালী উল্যাহ, সহ সাংগঠনিক সম্পাদক মোঃ সাইফুল ইসলাম, সহ দপ্তর সম্পাদক মোঃ মাকসুদুর রহমান বেপারী, সহ সভাপতি মতলব উত্তর মোঃ হযরত আলী বেপারী, মোঃ খোকন ফরাজী, মোঃ ● ৩-এর পাতায় দেখুন




*জনতা ব্যাংক পিএলসি এবং চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত।*

# চাঁবিপ্রবিতে জনতা ব্যাংকের ডিজিটাল ফি আদায় সেবা চালু

**স্টাফ রিপোর্টার**

শিক্ষার্থীদের বেতন, ভর্তি ফি ও অন্যান্য ফি ডিজিটাল পদ্ধতিতে আদায়ের লক্ষ্যে জনতা ব্যাংক পিএলসি, নতুনবাজার কর্পোরেট শাখা এবং চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মধ্যে একটি সমঝোতা স্মারক (গঙট) স্বাক্ষরিত হয়েছে।

সোমবার (২৮ সেপ্টেম্বর) চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের হলরুমে আয়োজিত এক অনুষ্ঠানে এ সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। সমঝোতা স্মারকে জনতা ব্যাংক পিএলসি-এর পক্ষে স্বাক্ষর করেন চাঁদপুর এরিয়ার এরিয়া প্রধান ফারুক হোসেন এবং ● ৩-এর পাতায় দেখুন

# চাঁদপুরে ভোক্তা অধিকার অভিযানে ৪০ হাজার টাকা জরিমানা

**শহর প্রতিনিধি**

চাঁদপুরে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযানে একটি প্রতিষ্ঠানকে ৪০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

সোমবার (২৮ সেপ্টেম্বর) চাঁদপুর শহরের হাজী মহসিন রোড ও চিত্রলেখা মোড় এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়।

অভিযানে নাম-ঠিকানাবিহীন পণ্য, উৎপাদন ও মেয়াদোত্তীর্ণের তারিখবিহীন পণ্য, খুচরা মূল্য উল্লেখ না থাকা এবং অনুমোদনহীন পণ্য সংরক্ষণ ও বিক্রয়ের অভিযোগে চাঁদপুর হার্ডওয়্যারকে ৪০ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযান পরিচালনাকালে প্রতিষ্ঠানটিতে বিভিন্ন ধরনের থিনার, তারপিন, রং, বার্নিশ, সুপার গ্লুসহ বিভিন্ন পণ্য পাওয়া যায়।
● ৩-এর পাতায় দেখুন

# কামতা বাজার ব্যবসায়ী সমিতির নির্বাচন ঘিরে জমে উঠেছে প্রচারণা

**ফরিদগঞ্জ প্রতিনিধি**

ফরিদগঞ্জ উপজেলার ঐতিহ্যবাহী কামতা বাজার ব্যবসায়ী সমিতির নির্বাচনকে কেন্দ্র করে স্থানীয় ব্যবসায়ীদের মাঝে এক উৎসবমুখর পরিবেশের সৃষ্টি হয়েছে। কাঙ্ক্ষিত এই নির্বাচনকে ঘিরে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তোড়জোড়ে মুখরিত এখন পুরো বাজার এলাকা। প্রার্থীরা কাকডাকা ভোর থেকে গভীর রাত পর্যন্ত দোকানে দোকানে ঘুরে মতবিনিময়, গণসংযোগ ও ব্যানার-পোস্টার নিয়ে জোর প্রচারণা চালিয়ে যাচ্ছেন।

নির্বাচন পরিচালনা কমিটি সূত্রে জানা গেছে, আগামী ১০ অক্টোবর (শনিবার) সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত কামতা ডি এস ফাযিল মাদ্রাসায় এই ব্যবসায়ী সমিতির ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। এ বছর সভাপতি ও সাধারণ সম্পাদকসহ মোট ১১টি পদে ১৮ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। বাজারের ২০৬ জন ব্যবসায়ী ভোটার প্রত্যক্ষ ভোটাধিকার প্রয়োগের মাধ্যমে তাদের আগামী দিনের নেতৃত্ব নির্বাচন করবেন।

নির্বাচনী মাঠের উত্তাপের সঙ্গে সঙ্গে বাড়ছে প্রার্থীদের প্রতিশ্রুতির ফুলঝুরি। বাজারের নিরাপত্তা জোরদার, পরিচ্ছন্ন ● ৩-এর পাতায় দেখুন




*মতলব উত্তরের দি কার্টার একাডেমির অধ্যক্ষ মো. তামসুল রাব্বানীর অপসারণের দাবিতে সংবাদ সম্মেলনে বক্তব্য রাখছেন অভিভাবক সদস্য মো. রাব্বানী সরকার।*

# মতলব উত্তরে 'দি কার্টার একাডেমি'র অধ্যক্ষকে অপসারণের দাবিতে সংবাদ সম্মেলন

**গোলাম নবী খোকন**

মতলব উত্তরে ইংরেজি ভার্সন শিক্ষাপ্রতিষ্ঠান 'দি কার্টার একাডেমি'র অধ্যক্ষ মো. তামসুল রাব্বানীর বিরুদ্ধে নানা অনিয়ম, স্বেচ্ছাচারিতা, শিক্ষার্থী হয়রানি ও আর্থিক অনিয়মের অভিযোগ তুলে তাকে অপসারণের দাবি জানিয়েছেন অভিভাবক ও স্থানীয়রা।

সোমবার (২৮ সেপ্টেম্বর) দুপুরে আয়োজিত সংবাদ সম্মেলনে এসব অভিযোগ করেন প্রতিষ্ঠানটির অভিভাবক সদস্য মো. রাব্বানী সরকার। লিখিত বক্তব্যে অধ্যক্ষের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ তুলে ধরেন তিনি। অভিভাবকদের অভিযোগ, তুচ্ছ ঘটনাকে ● ৩-এর পাতায় দেখুন

# অলিপুর গ্রামের উন্নয়নে গ্রামবাসীর সঙ্গে মতবিনিময় সভা

**গোলাম নবী খোকন**

মতলব উত্তর উপজেলার অলিপুর গ্রামের সার্বিক উন্নয়ন ও বিভিন্ন সমস্যা সমাধানের লক্ষ্যে গ্রামবাসীর সঙ্গে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (২৬ সেপ্টেম্বর) বিকেলে অলিপুর বাজারে এ মতবিনিময় সভার আয়োজন করা হয়। এতে গ্রামের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশগ্রহণ করেন। সভায় গ্রামের রাস্তাঘাটের উন্নয়ন, পরিষ্কার-পরিচ্ছন্নতা, শিক্ষা, সামাজিক নিরাপত্তা, মাদকমুক্ত পরিবেশসহ বিভিন্ন সমস্যা ও সম্ভাবনা নিয়ে আলোচনা করা হয়। বক্তারা বলেন, দীর্ঘদিনের সমস্যাগুলো চিহ্নিত করে ধাপে ধাপে সমাধানের উদ্যোগ নিতে ● ৩-এর পাতায় দেখুন



*অলিপুর গ্রামের উন্নয়নে গ্রামবাসীর সঙ্গে মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন চাঁদপুর জেলা যুবদলের সহ-সভাপতি খায়রুল হাসান বেনু।*



# চাঁদাবাজদের জন্য ভিক্ষা করলেন হাসনাত আবদুল্লাহ ও নাসীরুদ্দীন পাটওয়ারী

**দিগন্ত ডেস্ক**

দেশে চলমান চাঁদাবাজির ঘটনার বিরুদ্ধে ব্যঙ্গাত্মক ও অভিনব প্রতিবাদ জানিয়েছেন সংসদ সদস্য এবং এনসিপির দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আবদুল্লাহ। এ সময় তার সঙ্গে ছিলেন দলের মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী। চাঁদাবাজির সংস্কৃতি বন্ধের তাগিদ দিতে তারা প্রতীকী 'গণভিক্ষা ও পুনর্বাসন দানবাক্স' কর্মসূচি পালন করেছেন।

সোমবার বিকালে হাসনাত আবদুল্লাহ ও নাসীরুদ্দীন পাটওয়ারীর নেতৃত্বে একটি মিছিল বের হয়। মিছিলে অংশগ্রহণকারীরা স্লোগান দিতে থাকেন–'ভিক্ষা লাগলে ভিক্ষা নে, চাঁদাবাজি ছাইড়া দে' এবং 'ভেঙে দাও গুঁড়িয়ে দাও, চাঁদাবাজের আস্তানা'।

এর আগে চাঁদাবাজির বিকল্প উদ্যোগ হিসেবে রাজধানীর বাংলামোটরে 'পুনর্বাসন দানবাক্স' স্থাপন ও গণভিক্ষা কর্মসূচির ঘোষণা দেন হাসনাত আবদুল্লাহ। সোমবার নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে এক পোস্টে তিনি লেখেন, '১৭ বছর ধরে সরকারদলীয় ● ৩-এর পাতায় দেখুন

# মধ্য শাহতলী কাদেরিয়া সপ্রাবিতে বার্ষিক ক্রীড়া ও পুরস্কার বিতরণ

**নিজস্ব প্রতিবেদক**

বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে চাঁদপুর সদর উপজেলার ৪নং শাহমাহমুদপুর ইউনিয়নের ৩০নং মধ্য শাহতলী কাদেরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

২৮ সেপ্টেম্বর (সোমবার) দুপুর ১২টায় বিদ্যালয় মিলনায়তনে বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি ও চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী'র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন চাঁদপুর সদর মডেল থানার অফিসার ইনচার্জ মোঃ ফয়েজ আহম্মেদ।

প্রধান অতিথির বক্তব্যে মডেল থানার ওসি মোঃ ফয়েজ আহমেদ বলেন, আজকের অনুষ্ঠান উপভোগ করতে পেরে ● ৩-এর পাতায় দেখুন



*৩০নং মধ্য শাহতলী কাদেরিয়া সপ্রাবিতে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করছেন চাঁদপুর সদর মডেল থানার অফিসার ইনচার্জ মোঃ ফয়েজ আহম্মেদসহ অতিথিবৃন্দ।*




# আবুরকান্দি সপ্রাবির নবগঠিত কমিটির পরিচিতি সভা ও অভিভাবক সমাবেশ

**মতলব উত্তর প্রতিনিধি**

মতলব উত্তর উপজেলার আবুরকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নবগঠিত কমিটির পরিচিতি সভা ও অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (২৮ সেপ্টেম্বর) সকালে বিদ্যালয় প্রাঙ্গণে এ সভা ও অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মতলব উত্তর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. আনিসুর রহমান। প্রধান আলোচক ছিলেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. হাবিবুর রহমান। বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি ইঞ্জিনিয়ার মো. ইস্রাফিল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানটি যৌথভাবে সঞ্চালনা করেন বিদ্যালয়ের বিদ্যোৎসাহী সদস্য মো. সুজন আজি ও সিনিয়র শিক্ষিকা কোহিনুর আক্তার রুমা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইয়া উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. ফারুক আহমেদ, ৫ নম্বর দুর্গাপুর ইউনিয়ন যুবদলের সাবেক সভাপতি মো. মহসিন অজি, ওটারচর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. ● ৩-এর পাতায় দেখুন




উপদেষ্টা সম্পাদক ঃ অধ্যক্ষ মুহাম্মদ মাহবুবুর রহমান, সম্পাদক ও প্রকাশক ঃ এ্যাডভোকেট মোঃ শাহজাহান মিয়া, নির্বাহী সম্পাদক ঃ মুহাম্মদ ইলিয়াছ পাটওয়ারী, যুগ্ম সম্পাদক ঃ আব্দুস শুকুর মন্তান, ব্যবস্থাপনা সম্পাদক ঃ এ্যাডভোকেট শাহজাহান খান, যুগ্ম বার্তা সম্পাদক ঃ এম এ গফুর, মফস্বল সম্পাদক ঃ জি এম ফজলুর রহমান, বিশেষ প্রতিনিধি ঃ আবু সুফিয়ান ভূইয়া, আইটি ইনচার্জ ঃ জি এম এমরান হোসেন সম্পাদক ও প্রকাশক কর্তৃক মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর থেকে প্রকাশিত, সিরাজ অফসেট প্রেস কুমিল্লা রোড, চাঁদপুর থেকে মুদ্রিত। অফিস- মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর। ফোনঃ ০৮৪১-৬৭০৫৭ মোবাইলঃ ০১৭১২০৫০৩৪০, ০১৭১৫৯২৪৩০৮, ই-মেইলঃ digantachandpur@gmail.com, dailydiganta@gmail.com ওয়েব সাইটঃ www.chandpurdiganta.com

দৈনিক চাঁদপুর দিগন্ত
মঙ্গলবার ॥ ২৯ সেপ্টেম্বর ২০২৬

## সম্পাদকীয়

### অব্যাহত হামলা ও দখলচেষ্টা
## মানুষের সম্পদ রক্ষায় পুলিশের ভূমিকা কোথায়

ঢাকার মিরপুরে স্বাস্থ্যকেন্দ্র গুঁড়িয়ে দেওয়া, আদাবরে বাড়ি দখলের চেষ্টা এবং ইপিবি চত্বরে একটি হাউজিংয়ে একজন কনটেন্ট ক্রিয়েটরের স্টুডিওসহ কয়েকটি বাড়িঘরে হামলা ও ভাঙচুরের ঘটনা আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে গভীর উদ্বেগের জন্ম দিয়েছে। সাম্প্রতিক মাসগুলোতে দেশে নৃশংস খুন, ধর্ষণ, ছিনতাই, ডাকাতি, চাঁদাবাজির মতো অপরাধ বেড়ে যাওয়ায় জননিরাপত্তার বিষয়টি এমনিতেই প্রশ্নবিদ্ধ হয়ে উঠেছিল। এ প্রেক্ষাপটে স্বাস্থ্যকেন্দ্র কিংবা বাড়িঘরে হামলা সংঘবদ্ধ অপরাধের নতুন মাত্রা বলেই আমরা মনে করি। খবর জানাচ্ছে, বৃহস্পতিবার মধ্যরাতে মিরপুর ১৩ অবস্থিত রাড্ডা এমসিএইচএফপি স্বাস্থ্যসেবা কেন্দ্রে একদল দুর্বৃত্ত এক্সকাভেটর এনে গুঁড়িয়ে দেয়। রাড্ডা স্বাস্থ্যকেন্দ্রটি যে হঠাৎ গজিয়ে উঠেছে এমন নয়; ১৯৭৪ সাল থেকে এটি সুবিধাবঞ্চিত ও নিম্ন আয়ের মানুষের মাতৃ ও শিশুসেবা দিয়ে আসছে। এ ঘটনায় ক্ষমতাসীন রাজনৈতিক দলের সংশ্লিষ্টতার যে অভিযোগ উঠেছে, তাতে নেতাকর্মীদের ওপর দলটির নিয়ন্ত্রণ কতটা, তা নিয়েই প্রশ্ন ওঠে। একই সঙ্গে অপরাধ প্রতিরোধ এবং নাগরিকের জানমালের নিরাপত্তা নিশ্চিতে পুলিশসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নিষ্ক্রিয় ভূমিকা তাদের সক্ষমতা ও সদিচ্ছাকে প্রশ্নের মুখে ফেলে।

## বিএনপি পুলিশ দিয়ে

বিক্ষোভ সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক ও জেলা পরিষদের প্রশাসক অ্যাড. সলিম উল্যা সেলিম। তিনি তার বক্তব্যে বলেন, বিএনপি সরকার পুলিশ দিয়ে প্রতিপক্ষকে মোকাবিলা করবে না। বিএনপি রাজপথে থেকে রাজনৈতিকভাবে প্রতিপক্ষকে মোকাবিলা করবে। আমাদের ঠিকানা বাংলার মাটি, বাংলাদেশি, জাতীয়তাবাদী দল ও বাংলার জনগণ। তাই বলতে চাই, সবার আগে বাংলাদেশ।
তিনি আরো বলেন, এক দফার কথা শুনে শেখ হাসিনা দেশ থেকে পালিয়েছেন, বিএনপি পালানোর দল নয়। বিএনপি কারও হুমকিকে পাত্তা দেয় না। আমরা ইনশাআল্লাহ রাজপথে আছি। সবাই প্রস্তুত থাকবেন, যাতে কেউ অন্যায়ভাবে সমাজে বিশৃঙ্খলা সৃষ্টি করতে না পারে।
চাঁদপুর জেলা শ্রমিক দলের সিনিয়র সহ-সভাপতি মো. ইউসুফ আলী খলিফার সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মো. হাবিবুর রহমান ভূঁইয়ার পরিচালনায় সমাবেশে বক্তব্য রাখেন জেলা শ্রমিক দলের সহ-সভাপতি আব্দুল হাই দুলাল, মো. আনা মিয়া, যুগ্ম সাধারণ সম্পাদক মো. ফারুক হাওলাদার, আজিজ আহমেদ মানিক, সাংগঠনিক সম্পাদক মাহবুব সৈয়াল, সদর উপজেলা শ্রমিক দলের সভাপতি নয়ন মাহমুদ ভুঁইয়া, হাইমচর উপজেলা শ্রমিক দলের সভাপতি মো. মোস্তফা, সাধারণ সম্পাদক শফিউদ্দিন স্বপন, ফরিদগঞ্জ উপজেলা শ্রমিক দলের নেতা আজিম উদ্দিন, ফরিদগঞ্জ পৌর শ্রমিক দলের পিংকু, হাজীগঞ্জ উপজেলা শ্রমিক দলের আলাউদ্দিন, হাজীগঞ্জ পৌর শ্রমিক দলের রাশেদুল হক হীরা, মতলব দক্ষিণ উপজেলা শ্রমিক দলের সভাপতি বাবুল ফরাজী, মনির ফরাজী, মতলব উত্তর উপজেলা শ্রমিক দলের মালেক, মো. রাব্বানী, কচুয়া উপজেলা শ্রমিক দলের মো. আক্কাস মো. মিজান, শাহরাস্তি উপজেলা শ্রমিক দলের মো. খালেক, সদর উপজেলা শ্রমিক দলের সাধারণ সম্পাদক জুয়েল হোসেন মিয়াজী, হাইমচর উপজেলা শ্রমিক দলের সফিউদ্দিন সরকার, ফরিদগঞ্জ উপজেলা শ্রমিক দলের মো. দুলাল, ফরিদগঞ্জ পৌর শ্রমিক দলের মো. জিয়া, হাজীগঞ্জ পৌর শ্রমিক দলের সোহেল রানা, মতলব পৌর শ্রমিক দলের সভাপতি কবির ফরাজী, চাঁদপুর পানি উন্নয়ন বোর্ড শ্রমিক কর্মচারী পরিষদের সাধারণ সম্পাদক রেজাউল করিম।
এ সময় জেলা, পৌর ও সদর উপজেলা শ্রমিক দলের বিভিন্ন পর্যায়ের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।
সমাবেশ শেষে জেলা বিএনপির কার্যালয়ের সামনে থেকে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে শহরের বাইতুল আমিন মসজিদ প্রাঙ্গণে গিয়ে শেষ হয়।

## ‘আমেরিকান অ্যাসোসিয়েশন অফ

মেন্টরশিপ এবং সুযোগের প্রাপ্যতা টেকসই সামাজিক প্রভাব সৃষ্টির মূল চালিকাশক্তি হিসেবে কাজ করে।
ড. খান বিশ্ববিদ্যালয়, কমিউনিটি, শিল্পখাত এবং প্রবাসী বাংলাদেশিদের মধ্যে পারস্পরিক সহযোগিতার সম্ভাবনার কথাও তুলে ধরেন। তিনি পেশাজীবীদের কেবল আর্থিক সহায়তার মাধ্যমেই নয়, বরং মেন্টরশিপ, কারিগরি দক্ষতা, প্রকল্প-সংক্রান্ত নির্দেশনা, পেশাগত নেটওয়ার্ক এবং কর্মসংস্'ান ও উদ্যোক্তা হওয়ার পথ সুগম করার মাধ্যমে অবদান রাখার আহ্বান জানান।
ড. খান শিক্ষার অগ্রগতি, জীবিকার মানোন্নয়ন, কমিউনিটির অংশগ্রহণ এবং দীর্ঘস্'ায়ী অংশীদারীত্বের মতো দৃশ্যমান ফলাফলের মাধ্যমে সামাজিক প্রভাব পরিমাপের গুরুত্বের ওপরও জোর দেন। এছাড়া, তিনি কৃত্রিম বুদ্ধিমত্তার (অও) দায়িত্বশীল ব্যবহারের বিষয়ে আলোচনা করেন, যাতে মানুষের তদারকি, গোপনীয়তা ও জবাবদিহিতা বজায় রেখে এর সুবিধা সবার কাছে পৌঁছে দেওয়া যায়।
বক্তব্যের শেষে ড. খান বাংলাদেশ এবং বিশ্বজুড়ে ছড়িয়ে থাকা বাংলাদেশি পেশাজীবী সম্প্রদায়ের মধ্যে আরও শক্তিশালী সহযোগিতার আহ্বান জানান। তিনি এমন পথ তৈরির যৌথ দায়িত্বের ওপর গুরুত্বারোপ করেন, যেখানে পরিস্'তি নির্বিশেষে মেধার বিকাশ ঘটতে পারে।

## মিরপুরের রাড্ডা স্বাস্থ্যকেন্দ্র

ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।
পরিদর্শন শেষে ডা. শফিকুর রহমান বলেন, রাড্ডা এমসিএইচ-এফপি সেন্টার পুনঃপ্রতিষ্ঠায় জামায়াত ৫০ লাখ টাকা অনুদান দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। প্রয়োজন হলে এলাকার মানুষের চিকিৎসাসেবা নিশ্চিত করতে আরও সহযোগিতা করা হবে বলেও জানান তিনি।
জামায়াত আমির বলেন, “আমাদের প্রাথমিকভাবে ঘোষণা করা সহায়তা অব্যাহত থাকবে ইনশাআল্লাহ। এটা দিয়ে শুরু, এটা শেষ নয়।” তিনি আরও বলেন, “প্রয়োজনে এই এলাকার মানুষের চিকিৎসার জন্য আরও যদি কিছু করতে হয়, তাহলে আমরা করব ইনশাআল্লাহ।”
স্বাস্থ্যকেন্দ্রে হামলা, ভাঙচুর ও লুটপাটের ঘটনায় উদ্বেগ প্রকাশ করেন শফিকুর রহমান। এ ঘটনায় সরকারি দলের আশ্রয়-প্রশ্রয় ছিল বলে অভিযোগ করে তিনি বলেন, “নিশ্চয়ই সরকারি দলের আশ্রয়-প্রশ্রয় ছাড়া এত বড় অপকর্ম করার সাহস কেউ করবে না। অপরাধী যেই হোক, তাকে আইনের আওতায় আনা উচিত।”
তবে এ অভিযোগের সমর্থনে তিনি নির্দিষ্ট কোনো ব্যক্তি বা ঘটনার তথ্য তুলে ধরেননি।
দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়েও উদ্বেগ প্রকাশ করেন জামায়াত আমির। তিনি বলেন, “আর কোনো দুর্বৃত্ত যেন দেশের কোথাও কোনো অসামাজিক, অপকর্ম করতে না পারে, সে ব্যাপারে সরকারকে এখনই উদ্যোগ নিতে হবে।”
শফিকুর রহমান আরও অভিযোগ করেন, “সরকারি দলের আশ্রয়-প্রশ্রয়েই দেশজুড়ে মব সন্ত্রাস চলছে।”
রাড্ডা এমসিএইচ-এফপি সেন্টারে হামলা ও লুটপাটের ঘটনায় জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়ার দাবি জানান তিনি। একই সঙ্গে স্বাস্থ্যকেন্দ্রটি দ্রুত পুনরায় চালুর উদ্যোগ নেওয়ার আহ্বান জানান জামায়াত আমির।

## স্থানীয় নির্বাচন ঘিরে

হচ্ছে। সহকারী পুলিশ সুপার (শিক্ষানবিশ) মিয়াজী আলিফ ইমরান-এর সঞ্চালনায় প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দুই দিনব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির ৪র্থ ব্যাচের উদ্বোধন করেন চাঁদপুরের পুলিশ সুপার মোঃ মিজানুর রহমান। উদ্বোধনী বক্তব্যে পুলিশ সুপার নির্বাচনকালীন সময়ে পুলিশ সদস্যদের দায়িত্বশীলতা, পেশাদারিত্ব ও দক্ষতার সঙ্গে দায়িত্ব পালনের ওপর গুরুত্বারোপ করেন। তিনি প্রশিক্ষণ থেকে অর্জিত জ্ঞান ও কৌশল মাঠপর্যায়ে দায়িত্ব পালনের সময় যথাযথভাবে প্রয়োগের জন্য অংশগ্রহণকারী পুলিশ সদস্যদের প্রতি আহ্বান জানান।
প্রশিক্ষণে অংশগ্রহণকারী সদস্যদের নির্বাচনকালীন দায়িত্ব পালনের বিভিন্ন দিক সম্পর্কে প্রয়োজনীয় দিকনির্দেশনা দেওয়া হচ্ছে। একই সঙ্গে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা, ভোটকেন্দ্র ও সংশ্লিষ্ট স্থাপনার নিরাপত্তা নিশ্চিত করা, দায়িত্ব পালনের ক্ষেত্রে পেশাগত দক্ষতা বজায় রাখা এবং যেকোনো পরিস্থিতিতে যথাযথভাবে দায়িত্ব পালনের বিষয়ে গুরুত্ব দেওয়া হচ্ছে। জেলা পুলিশ সূত্রে জানা যায়, নির্বাচনকে কেন্দ্র করে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা এবং জনগণের নিরাপত্তা নিশ্চিত করতে পুলিশের প্রস্তুতির অংশ হিসেবেই এ প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়েছে। পর্যায়ক্রমে বিভিন্ন ব্যাচের পুলিশ সদস্যদের প্রশিক্ষণের আওতায় আনা হচ্ছে। দুই দিনব্যাপী এ প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে নির্বাচনকালীন দায়িত্ব পালনে চাঁদপুর জেলা পুলিশের সক্ষমতা আরও বৃদ্ধি পাবে এবং মাঠপর্যায়ে দায়িত্ব পালনে পুলিশ সদস্যরা আরও দক্ষ ও প্রস্তুত হয়ে উঠবেন বলে প্রত্যাশা করা হচ্ছে। অনুষ্ঠানে নাদিরা নূর, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ), চাঁদপুরসহ জেলা পুলিশের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা এবং প্রশিক্ষণে অংশগ্রহণকারী পুলিশ সদস্যরা উপস্থিত ছিলেন।

## মাদকের সঙ্গে যারা সম্পৃক্ত

দিয়ে গেলাম। এর মধ্যে আপনারা হয় গ্রাম ছাড়বেন, নয় মাদক ছাড়বেন। যারা মাদকবিরোধী কাজে আমাকে সহযোগিতা করবেন, আমি তাদের সহযোগিতা করব।”
তিনি আরও বলেন, মাদকের সঙ্গে যারা সম্পৃক্ত থাকবে, তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে। মাদকবিরোধী অভিযানে আইনশৃঙ্খলা বাহিনীকে সহযোগিতা করার জন্য এলাকাবাসীর প্রতি আহ্বান জানান তিনি।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কচুয়া থানার তদন্ত কর্মকর্তা মোঃ রাশেদুল হক, কচুয়া পৌর বিএনপির সভাপতি মোঃ বিল্লাল হোসেন মজুমদার, সাধারণ সম্পাদক আলমগীর হোসেন সেলিম পাটোয়ারী, কচুয়া প্রেসক্লাবের সভাপতি আতাউল করিম এবং ৪নং ওয়ার্ড বিএনপির সভাপতি শহীদুল্লাহ মুন্সী, সমাজসেবক মুক্তার হোসেন।
এছাড়াও বক্তব্য রাখেন , ৪নং ওয়ার্ডের সাবেক কাউন্সিলর জাহাঙ্গীর আলম, বিএনপি নেতা আমান উল্লাহ, চাঁদপুর পলিটেকনিক কলেজের আহ্বায়ক মাজহারুল ইসলাম, ডা. সেফায়েত উল্লাহ, ছাত্র সংগঠনের সদস্য মোঃ মিরাজ হোসেন, হাফেজ মোঃ শাহিন, হাফেজ মাওলানা সুলতান মাহমুদ ও বিশিষ্ট সমাজসেবক সাইফুল ইসলামসহ অনেকে।
বক্তারা বলেন, মাদক একটি সামাজিক ব্যাধি। এর বিস্তার রোধে শুধু আইনশৃঙ্খলা বাহিনীর অভিযান নয়, পরিবার, সমাজ ও তরুণ প্রজন্মকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। মাদক ব্যবসা ও সেবনের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার পাশাপাশি মাদকাসক্তদের স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনতেও উদ্যোগ নেওয়ার আহ্বান জানান তারা।
সমাবেশে এলাকার বিপুলসংখ্যক তরুণ-যুবক, সামাজিক ও রাজনৈতিক নেতৃবৃন্দ এবং স্থানীয় বাসিন্দারা উপস্থিত ছিলেন। বক্তারা কড়াইয়াকে মাদকমুক্ত করতে ঐক্যবদ্ধভাবে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন।

## হাজীগঞ্জে মক্তবে যাওয়ার পথে

বিষয়টি নিশ্চিত করেছেন ওই ইউনিয়নের ইউপি সদস্য মো. খোরশেদ আলম সবুজ।
জানা গেছে, এদিন ভোরে আরবি পড়ার উদ্দেশ্যে নিজ বাড়ি ও প্রতিবেশী অন্য শিশুদের সাথে পাতানিশ দক্ষিণপাড়া মসজিদ মক্তবে যাচ্ছিল শিশু আনিশা। পথে কচুয়ামুখী একটি দ্রুতগামী মাইক্রোবাস শিশুটিকে চাপা দিয়ে পালিয়ে যায়।
এ সময় সাথে থাকা অন্য শিশুদের ডাক-চিৎকারে স্থানীয়রা ঘটনাস্থলে ছুটে আসেন এবং শিশুটিকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। তবে সেখানকার কর্তব্যরত চিকিৎসক পরীক্ষা-নিরীক্ষা শেষে আনিশাকে মৃত ঘোষণা করেন। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করে।
স্থানীয় শরীফ হোসেন রনক জানান, ভোরে রাস্তাঘাটে লোকজন না থাকায় চালকসহ মাইক্রোবাসটি আটক করা সম্ভব হয়নি। তিনি আরও জানান, কিছুদিন পূর্বে শিশুটির ছোট ভাই জন্মের পর চিকিৎসাধীন অবস্থায় মারা যায়। এখন দুর্ঘটনায় একমাত্র মেয়েটি চলে যাওয়ায় পরিবারটি পুরোপুরি নিঃসন্তান হয়ে পড়েছে।
হাজীগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. আবদুল মান্নান জানান, কোনো অভিযোগ না থাকায় এবং পরিবারের লিখিত আবেদনের ভিত্তিতে ময়নাতদন্ত ছাড়া শিশুটির মরদেহ স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে। ঘাতক মাইক্রোবাসটি চিহ্নিত করার চেষ্টা চলছে।

## ফরিদগঞ্জে ইউপি চেয়ারম্যান

পুলিশ সূত্রে জানা গেছে, ফরিদগঞ্জ থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ এরশাদ উল্যাহর নির্দেশনায় পুলিশের একটি বিশেষ টিম গোপন সংবাদের ভিত্তিতে খবর পেয়ে ইচলি চৌরাস্তা এলাকায় অভিযান পরিচালনা করে। পরবর্তীতে ফরিদগঞ্জ থানায় দায়ের হওয়া সন্ত্রাস বিরোধী আইনের মামলায় তাঁকে গ্রেপ্তার দেখানো হয়।
ঘটনার সত্যতা নিশ্চিত করে ফরিদগঞ্জ থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ এরশাদ উল্যাহ বলেন, নিষিদ্ধ ঘোষিত সংগঠনের বেআইনি তৎপরতা ও নাশকতা প্রতিরোধে পুলিশের ধারাবাহিক অভিযান অব্যাহত রয়েছে। এরই অংশ হিসেবে অভিযান চালিয়ে বালিথুবা পূর্ব ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও ইউপি চেয়ারম্যান মো. হারুনুর রশিদকে গ্রেপ্তার করা হয়েছে। প্রয়োজনীয় আইনি প্রক্রিয়া শেষে তাঁকে আদালতে প্রেরণ করা হবে।

## চাঁদপুর সদরের ১৪ ইউনিয়নে

বিএনপির সভাপতি শেখ ফরিদ আহম্মেদ মানিকের নির্দেশে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।
চাঁদপুর সদর উপজেলা বিএনপির সভাপতি আলহাজ্ব মো. শাহজালাল মিশন-এর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক হযরত আলী ঢালীর সঞ্চালনায় সভায় নির্বাচনকেন্দ্রিক কৌশল নির্ধারণ ও একক প্রার্থী চূড়ান্ত করার বিষয়ে বিশদ আলোচনা করা হয়।
সভায় চাঁদপুর সদর উপজেলার ১৪টি ইউনিয়ন বিএনপি এবং এর অঙ্গ ও সহযোগী সংগঠনের ‘সুপার ফাইভ’ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। তৃণমূলের মতামতকে গুরুত্ব দিয়ে কীভাবে প্রতিটি ইউনিয়নে যোগ্য ও একক প্রার্থী নিশ্চিত করা যায়, নেতৃবৃন্দ সে বিষয়ে নিজ নিজ মতামত তুলে ধরেন। দলের ঐক্য বজায় রেখে আগামী নির্বাচনে সাফল্য অর্জনে সবাই একযোগে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন।

## হাইমচরে রাসেল ভাইপারের

কামড়ের ঘটনা ঘটে। আহত শিশু মারিয়ামের পরিবার ও স্থানীয় সূত্রে জানা যায়, নিজ বাড়িতে খেলাধুলার সময় হঠাৎ করেই শিশু মারিয়ামকে একটি বিষাক্ত রাসেল ভাইপার সাপ কামড় দেয়। ঘটনার আকস্মিকতায় পরিবারে হাহাকার শুরু হয়। তবে তাৎক্ষণিকভাবে শিশুটির পিতা সাহসিকতা ও বুদ্ধিমত্তার পরিচয় দিয়ে তাকে যে সাপটি কামড় দিয়েছিল, সেটির একটি জীবন্ত বাচ্চাকে ধরে ফেলেন।
এরপর দ্রুত শিশুটিকে স্থানীয়ভাবে প্রাথমিক চিকিৎসা না দিয়ে বাঁচানোর মরিয়া চেষ্টায় জীবন্ত সাপের বাচ্চাসহ সরাসরি চাঁদপুর সদর হাসপাতালে নিয়ে আসেন তিনি। হাসপাতালে চিকিৎসকরা শিশুটিকে দ্রুত অবজারভেশন ও প্রয়োজনীয় অ্যান্টিভেনমসহ জরুরি চিকিৎসা সেবা দেওয়া শুরু করেন। বর্তমানে শিশুটির চিকিৎসা চলছে।
চিকিৎসকরা জানিয়েছেন, রাসেল ভাইপার অত্যন্ত বিষাক্ত সাপ। তবে সময়মতো হাসপাতালে নিয়ে আসায় শিশুটিকে দ্রুত চিকিৎসাসেবা দেওয়া সম্ভব হয়েছে। সাপ শনাক্তকরণের জন্য সাপের বাচ্চাটিকে নিয়ে আসায় চিকিৎসকদেরও চিকিৎসা প্রদানে সুবিধা হয়েছে।
এই ঘটনার পর হাইমচর ও আশপাশের এলাকায় সাধারণ মানুষের মাঝে রাসেল ভাইপার নিয়ে নতুন করে আতঙ্ক ছড়িয়ে পড়েছে। স্থানীয়রা নদী তীরবর্তী ও কৃষিজমি এলাকায় চলাচলের সময় আরও বেশি সতর্ক থাকার দাবি জানিয়েছেন।

## দেশে আশঙ্কাজনক হারে

বছরের চেয়ে বেশি শিশু ধর্ষণের ঘটনা চলতি বছরের প্রথম ৬ মাসেই ঘটেছে। ধর্ষণের ক্ষেত্রে সবচেয়ে বেশি ভুক্তভোগী ৭ থেকে ১২ বছর বয়সি শিশুরা। এমনকি শূন্য থেকে ৬ বছর বয়সি শিশুরাও ঝুঁকিমুক্ত নয়। তবে বেশি ধর্ষণের শিকার হচ্ছে ১৩ থেকে ১৮ বছর বয়সি কিশোর-কিশারীরা। আবার ওই শিশুদের মধ্যে ৩০০-এর অধিক সংখ্যক একাধিকবার ধর্ষণের শিকার হয়েছে। ধর্ষণের পর ৩৩৬ শিশুর মধ্যে ২ জন আত্মহত্যা করেছে, গর্ভধারণ করেছে ১১ জন আর হত্যার শিকার হয়েছে ৩২ জন। ধর্ষিত শিশুদের মধ্যে প্রতিবন্ধী শিশু ১৬ জন।
সূত্র জানায়, সাধারণত ঘর, পরিচিত সামাজিক ও পারিবারিক পরিবেশেই শিশু ধর্ষণের ঘটনা বেশি ঘটছে। অনেক ঘটনাই ভুক্তভোগীর নিজের ঘরে, অপরাধীর বাসায়, নির্জন মাঠে, দোকান ও পরিত্যক্ত ভবন, স্কুল ও মাদ্রাসাতে ঘটছে। তার সাথে জড়িয়ে পড়ছে শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও সংশ্লিষ্ট কর্মীরাও। তাছাড়া শিশু ধর্ষণে অধিকাংশ ক্ষেত্রেই পূর্বপরিচিতরা জড়িত। হয়তো ওসব ব্যক্তিরা শিশুর প্রতিবেশী, আত্মীয়, শিক্ষক, দোকানদার, নৈশপ্রহরী এবং স্থানীয় প্রভাবশালী ব্যক্তি। সেজন্যই শিশু ধর্ষণে অপরিচিতিদের জড়িত থাকার হার তুলনামূলক কম। আর অপরাধীদের বয়স ২০ থেকে ৬০ বছর বা তার বেশি। তার মধ্যে ২১ থেকে ৪০ বছর বয়সিরা জড়িত সবচেয়ে বেশি শিশু ধর্ষণের ঘটনায়।
সূত্র আরো জানায়, শিশু ধর্ষণের ঘটনায় দায়েরকৃত মামলায় অনেক ক্ষেত্রে সন্দেহভাজনকে গ্রেপ্তার করা হলেও, খুব কম ক্ষেত্রেই অপরাধীর চূড়ান্ত সাজার তথ্য মিলছে। চলতি বছরে সংঘটিত ৩৩৬টি শিশু ধর্ষণের ঘটনায় ২২৯টি মামলা হয়। তার মধ্যে ৭৭টির মামলা প্রক্রিয়াধীন আছে আর ৩০টি ক্ষেত্রে অভিযোগই করা হয়নি। ওসব মামলায় ২৬২ জন আসামিকে গ্রেপ্তার করা হলেও তার মধ্যে অভিযুক্ত মাত্র ১৯ জন।
এদিকে এ প্রসঙ্গে বাংলাদেশ হিউম্যান রাইটস ফাউন্ডেশনের চেয়ারপারসন অ্যাডভোকেট এলিনা খান জানান, গ্রামাঞ্চলে কোনো শিশু ধর্ষণের শিকার হলে ভুক্তভোগীর পরিবার ওই ঘটনা চেপে রাখে। পাশাপাশি টাকা-পয়সা দিয়ে ঘটনা চাপা দেয়ার ঘটনা তো রয়েছেই। ধর্ষণের ঘটনায় সরকার থেকে বাধ্যতামূলকভাবে জেলা প্রশাসক ও ইউএনদেরকে মাঠপর্যায়ে গিয়ে ঘটনা তদারকি করার জন্য দায়িত্ব নিতে হবে। আর ধর্ষণের মামলা এড়িয়ে যাওয়ার জন্য চাপ থাকলে অভিযুক্তদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা এবং জবাবদিহির ব্যবস্থা করতে হবে। ক্ষেত্রবিশেষে কোনো কর্মকর্তার বিরুদ্ধে কাউকে সুবিধা দেয়ার অভিযোগ পাওয়া গেলে তাকে পদ থেকে সরিয়ে দেয়ারও ব্যবস্থা করতে হবে।
অন্যদিকে এ প্রসঙ্গে পুলিশ সদর দপ্তরের গণমাধ্যম শাখার সহকারী মহাপরিদর্শক এ এইচ এম শাহাদাত হোসাইন জানান, ধর্ষণ মামলা নারী ও শিশুদের ক্ষেত্রে খুবই স্পর্শকাতর। সেজন্য মামলাগুলোর তদন্তে সবচেয়ে বেশি অগ্রাধিকার দেয়া হয়। সামপ্রতিক সময়ে অনলাইন জিডি ও পুলিশের কাছে রিপোর্ট করার প্রক্রিয়া সহজ হয়েছে। সেজন্য ওসব ঘটনায় মামলার সংখ্যাও বাড়ছে। তবে অপরাধ কমাতে সামাজিক সচেতনতা দরকার। শিশুদের ক্ষেত্রে সাধারণত বড় একটি অংশই আপনজন, পারিবারের সদস্য এবং পরিচিত লোকদের মাধ্যমে নির্যাতনের শিকার হয়। সেজন্য সচেতনতা বাড়ানো জরুরি।

## চাঁদপুর আল আমিন

অ্যাডভোকেট মো. শাহজাহান খান, সোসাইটির সদস্য অ্যাডভোকেট মাসুদুর রহমান বুলবুল, আব্দুস শুক্কুর মস্তানসহ অন্যরা জেলা প্রশাসকের কাছে প্রধানমন্ত্রীর বরাবর একটি স্মারকলিপি দেন।
স্মারকলিপিতে বলা হয়, আল-আমিন সোসাইটির সুষ্ঠু ব্যবস্থাপনা ও কল্যাণমুখী কর্মসূচির কারণেই চাঁদপুরবাসী একটি আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান পেয়েছে। প্রতিষ্ঠানটির পরিসর দিন দিন বৃদ্ধি পাচ্ছে এবং জাতীয় পরীক্ষাগুলোতে শিক্ষার্থীরা কাঙ্ক্ষিত ফলাফল অর্জন করছে।
অভিভাবকরা দাবি করেন, আল-আমিন সোসাইটির গঠিত গভর্নিং বডি অনুমোদন দিতে হবে। একই সঙ্গে আল-আমিন একাডেমি স্কুল অ্যান্ড কলেজ পরিচালনায় ‘অযাচিত সরকারি-বেসরকারি হস্তক্ষেপ’ বন্ধ করার দাবি জানান তারা।
মানববন্ধনে বক্তব্য দেন অভিভাবকদের পক্ষে সভাপতি অ্যাডভোকেট মো. শাহজাহান খান, সোসাইটির পক্ষে অ্যাডভোকেট মাসুদুর রহমান বুলবুল, আব্দুস শুক্কুর মস্তান, মাওলানা আফসার উদ্দিন মিয়াজী এবং অভিভাবক ফরিদা ও ফারুল বেগম।
সভাপতির বক্তব্যে অ্যাডভোকেট মো. শাহজাহান খান বলেন, ১৯৭৭ সালে আল-আমিন একাডেমি প্রতিষ্ঠার পর থেকে আল-আমিন সোসাইটির মাধ্যমে প্রতিষ্ঠানটি পরিচালিত হয়ে আসছে। প্রায় ৫০ বছর ধরে সুনামের সঙ্গে প্রতিষ্ঠানটি পরিচালিত হলেও বিভিন্ন সময়ে এর ব্যবস্থাপনায় হস্তক্ষেপের ঘটনা ঘটেছে বলে দাবি করেন তিনি।
তিনি বলেন, ২০১৯ সালে তৎকালীন সরকারের হস্তক্ষেপে সোসাইটি কর্তৃক গঠিত পরিচালনা কমিটি বাতিল করা হয়। পরবর্তী সময়ে সোসাইটি আবারও পরিচালনায় আসে। গত দুই বছরে প্রতিষ্ঠানটি ভালো ফলাফল করেছে দাবি করে তিনি বলেন, সর্বশেষ এসএসসি পরীক্ষায় প্রতিষ্ঠানটির ২২৭ জন শিক্ষার্থী জিপিএ-৫ অর্জন করেছে।
শাহজাহান খান আরও বলেন, ‘অবৈধ দখল’ থেকে প্রতিষ্ঠানটি উদ্ধারের পর আবারও একই ইস্যুতে সোসাইটি কর্তৃক পরিচালনা পর্ষদ বাতিল করে এডহক কমিটি গঠনের চিঠি দেওয়া হয়েছে। অথচ সোসাইটি কর্তৃক গঠিত কমিটির মেয়াদ আগামী নভেম্বর পর্যন্ত রয়েছে।
তিনি বলেন, চাঁদপুর তথা দেশের ঐতিহ্যবাহী এই শিক্ষা প্রতিষ্ঠানে কোনো ধরনের অনাকাঙ্ক্ষিত হস্তক্ষেপ তারা চান না। সরকার, স্থানীয় সংসদ সদস্য ও প্রশাসনসহ সংশ্লিষ্ট সব মহলের সহযোগিতা কামনা করেন তিনি।
মানববন্ধনে বক্তারা অভিযোগ করেন, একটি প্রতিষ্ঠিত ও ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান দখল বা নিয়ন্ত্রণের চেষ্টা না করে যারা এমন উদ্যোগ নিচ্ছেন, তারা চাইলে নিজেদের উদ্যোগে নতুন প্রতিষ্ঠান গড়ে তুলতে পারেন। একই সঙ্গে আল-আমিন একাডেমির শিক্ষা কার্যক্রমে কোনো ধরনের হস্তক্ষেপ না করার আহ্বান জানান তারা।
বক্তারা আরও বলেন, অতীতে প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনায় পরিবর্তন আসার পর এর ফলাফল ও সার্বিক কার্যক্রমে নেতিবাচক প্রভাব পড়েছিল বলে তারা মনে করেন। এর প্রভাব শিক্ষার্থীদের ওপরও পড়েছে। তাই শিক্ষার্থীদের ভবিষ্যতের কথা বিবেচনা করে আল-আমিন একাডেমি নিয়ে সব ধরনের ‘ষড়যন্ত্র’ বন্ধের দাবি জানান তারা।
দাবি বাস্তবায়ন না হলে অভিভাবকরা আরও কঠোর কর্মসূচি নিয়ে রাজপথে নামতে বাধ্য হবেন বলেও মানববন্ধন থেকে হুঁশিয়ারি দেওয়া হয়।
মানববন্ধনে প্রায় তিন শতাধিক অভিভাবক ও বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গ অংশগ্রহণ করেন।

## চাঁদপুর জেলা জামায়াতের

শাহজাহান মিয়া। জেলা জামায়াত নেতৃবৃন্দ বলেন, সোমবার (২৮ সেপ্টেম্বর) সকাল ১০টায় চাঁদপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে আল আমিন একাডেমি পরিচালনা পর্ষদ বাতিলের প্রতিবাদে শত শত অভিভাবক, শিক্ষক ও শিক্ষার্থীর অংশগ্রহণে এক মানববন্ধন ও বিক্ষোভ কর্মসূচি অনুষ্ঠিত হয়। মানববন্ধন শেষে আন্দোলনকারীরা জেলা প্রশাসক বরাবর স্মারকলিপি প্রদান করেন। মানববন্ধনে অভিভাবকদের পক্ষে প্রাতিষ্ঠানিক স্বার্থে বক্তব্য উপস্থাপন করেন অ্যাডভোকেট মো. শাহজাহান খান। সকাল সাড়ে ১১টার দিকে কোর্ট এলাকায় অ্যাডভোকেট মো. শাহজাহান খানের চেম্বারে প্রবেশ করে ২০-২৫ জনের একদল সশস্ত্র দুর্বৃত্ত। এ সময় তারা অ্যাডভোকেট মো. শাহজাহান খানের চেম্বারে হামলা ও ভাংচুর করে।
নেতৃবৃন্দ অবিলম্বে দোষী ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থাগ্রহণের আহবান জানিয়েছেন।

## চাঁদপুরে ছাত্রদল পরিচয়ে

ও বিক্ষোভ কর্মসূচি অনুষ্ঠিত হয়। মানববন্ধন শেষে আন্দোলনকারীরা জেলা প্রশাসক বরাবর স্মারকলিপি প্রদান করেন। উক্ত মানববন্ধনে অভিভাবকদের পক্ষে প্রাতিষ্ঠানিক স্বার্থে বক্তব্য উপস্থাপন করেন অ্যাডভোকেট মো. শাহজাহান খান।
অভিযোগ উঠেছে, মানববন্ধনে বক্তব্য দেওয়ার জেরে বেলা সাড়ে ১১ টাকার দিকে কোর্ট এলাকায় অ্যাডভোকেট মো. শাহজাহান খানের চেম্বারে প্রবেশ করে ২০-২৫ জনের একদল সশস্ত্র দুর্বৃত্ত। অ্যাড. শাহজাহান খান জানান, নিজেদের ছাত্রদলের নেতাকর্মী পরিচয়ে দেশীয় অস্ত্রে সজ্জিত হয়ে দুর্বৃত্তরা তার চেম্বারে ঢুকেই তাকে শারীরিক ও মানসিকভাবে লাঞ্ছিত করার চেষ্টা করে এবং অকথ্য ভাষায় গালিগালাজ শুরু করে। শুধু তা-ই নয়, প্রকাশ্যে প্রাণনাশের হুমকি দিয়ে তারা চেম্বারের সামনের নামফলক ও সাইনবোর্ড ভাঙচুর করে এলাকায় আতঙ্ক সৃষ্টি করে দ্রুত সটকে পড়ে।
ঘটনার খবর মুহূর্তের মধ্যে ছড়িয়ে পড়লে জেলা জাজ কোর্ট চত্বরে তীব্র ক্ষোভ ও উত্তেজনার সৃষ্টি হয়। খবর পেয়ে তাৎক্ষণিকভাবে আইনজীবী সমিতির সিনিয়র সদস্য অ্যাডভোকেট মো. শাহজাহান মিয়া, অ্যাডভোকেট সেলিম আকবর, অ্যাডভোকেট জহির উদ্দিন বাবর এবং অ্যাডভোকেট আবুল কালাম আজাদসহ সাধারণ আইনজীবীরা ঘটনাস্থলে ছুটে আসেন।
আইনজীবী সমিতির নেতারা এ ন্যক্কারজনক ঘটনার তীব্র নিন্দা জানান এবং একজন পেশাদার আইনজীবীর চেম্বারে ঢুকে সন্ত্রাসী হামলার কঠোর বিচার দাবি করেন। তারা বলেন, প্রকাশ্যে দিবালোকে একজন আইনজীবীর ওপর এমন বর্বরোচিত হামলা আদালত চত্বরের নিরাপত্তাকে মারাত্মক হুমকির মুখে ফেলেছে। অনতিবিলম্বে ঘটনার সাথে জড়িত সন্ত্রাসীদের শনাক্ত করে আইনের আওতায় আনতে হবে এবং দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করতে হবে; অন্যথায় কঠোর আন্দোলনের কর্মসূচি দেওয়া হবে।

## চাঁদপুরে লাইসেন্স ছাড়াই খাদ্যপণ্য

রহমান এবং ফিল্ড অফিসার (সিএম) এস.এম. শাকিল ইউসুফ।
বিএসটিআই সূত্রে জানা যায়, অভিযানকালে আল মদিনা ফুড প্রোডাক্টসের বিরুদ্ধে বিএসটিআইয়ের লাইসেন্স গ্রহণ না করেই স্ট্যান্ডার্ড মার্ক ব্যবহার করে চানাচুর উৎপাদন, মোড়কজাত ও বাজারজাত করার অভিযোগের সত্যতা পাওয়া যায়। এছাড়া চানাচুর ও আচার মোড়কজাতের প্রয়োজনীয় সনদ ছাড়াই উৎপাদন ও বিক্রয় করা হচ্ছিল।এ ঘটনায় প্রতিষ্ঠানটির বিরুদ্ধে বিএসটিআই আইনে এবং ওজন ও পরিমাপ মানদণ্ড আইন লঙ্ঘনের অভিযোগে আইনানুগ ব্যবস্থা নেওয়া হয়। অভিযানকালে আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন।

## চাঁদপুরে কিশোর গ্যাং

জানা গেছে, কিশোর গ্যাং বিরোধী অভিযানে চাঁদপুর সদরে ৩৫ জন, হাইমচরে ৪৮, ফরিদগঞ্জে ৪১, হাজীগঞ্জে ৩৭, কচুয়ায় ৬২, শাহরাস্তিতে ৪৫, মতলব উত্তরে ৫২ ও মতলব দক্ষিণে ৩৬ জনকে আটক করা হয়। এ ছাড়া ডিবি পুলিশ জেলার বিভিন্ন স্থান থেকে ১৪ জনকে আটক করে।
আটকদের মধ্যে ৩৫৫ জনের মুচলেকা নিয়ে তাদের পরিবারের জিম্মায় ছেড়ে দেওয়া হয়। বাকি ১৫ জনের তথ্য যাচাই করা হচ্ছে।
চাঁদপুর পুলিশ সুপার মো. মিজানুর রহমান গণমাধ্যমকে জানান, কিশোর গ্যাং ও অপরাধ প্রতিরোধে এ অভিযান অব্যাহত থাকবে।

### আ’লীগের পরিকল্পিত সন্ত্রাসের মাধ্যমে দেশকে অস্থিতিশীল করার প্রতিবাদে
# মতলব উত্তরে শ্রমিক দলের বিক্ষোভ মিছিল ও সমাবেশ

মতলব উত্তর প্রতিনিধি

নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগের পরিকল্পিত সন্ত্রাসের মাধ্যমে দেশকে অস্থিতিশীল করার প্রতিবাদে মতলব উত্তর উপজেলা ও ছেংগারচর পৌর শ্রমিক দলের উদ্যোগে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।
সোমবার বিকেলে ছেংগারচর মডেল সরকারি উচ্চ বিদ্যালয় মাঠ থেকে বিক্ষোভ মিছিলটি বের হয়। মিছিলটি ছেংগারচর বাজারের বিভিন্ন গুরুত্বপূর্ণ




সড়ক প্রদক্ষিণ করে থানা রোডে গিয়ে সমাবেশে মিলিত হয়।
সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখেন চাঁদপুর জেলা যুবদলের সহ-সভাপতি খায়রুল হাসান বেনু।
খায়রুল হাসান বেনু বলেন, “কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতাকর্মীরা দেশে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি করার পাঁয়তারা করছে। তাদের প্রতিহত করতে হবে। ডিসেম্বরে শেখ হাসিনা বাংলাদেশে আসবেন–এ ধরনের প্রোপাগান্ডা ছড়িয়ে দেশে বিভ্রান্তি ও অস্থিতিশীলতা সৃষ্টির চেষ্টা করা হচ্ছে।”
পৌর শ্রমিকদলের সভাপতি গোলাম রাব্বানী স্টার এর সভাপতিত্বে ও উপজেলা শ্রমিক দলের সাধারণ সম্পাদক নাছির উদ্দিন মৃধার সঞ্চালনায় প্রধান অতিথির বক্তব্য রাখেন- চাঁদপুর জেলা যুবদলের সহ-সভাপতি খায়রুল হাসান বেনু।
বক্তব্য রাখেন- মতলব উত্তর উপজেলা শ্রমিক দলের সভাপতি আব্দুল মালেক মোল্লা, সিনিয়র সহ-সভাপতি হযরত আলী, সাংগঠনিক সম্পাদক সুজন প্রধান, পৌর শ্রমিকদলের সাধারণ সম্পাদক আক্তারুজ্জামান, পৌর শ্রমিক দলের সহ-সভাপতি বাদশা মিয়া, পৌর যুগ্ম সম্পাদক সম্পাদক মানিক, পৌর বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক কাউসার খান, পৌর যুবদলের সদস্য সচিব আশরাফুল আলম সরকার, উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক মোশাররফ আলম মুরাদ, উপজেলা ছাত্রদলের সদস্য সচিব জয়নাল পাটোয়ারী পিনু, পৌর ছাত্রদলের আহ্বায়ক শাকিল খান, সদস্য সচিব ফরহাদ হোসেন।
সমাবেশে বক্তারা দেশের রাজনৈতিক পরিস্থিতি নিয়ে বক্তব্য রাখেন এবং নেতাকর্মীদের ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান।

# কচুয়ায় হাসপাতালে হামলা, চারজনের বিরুদ্ধে পরোয়ানা

কচুয়া প্রতিনিধি

কচুয়ার ইসলামীয়া হাসপাতালে হামলা, মারধর, ভাঙচুর ও অর্থ লুটের অভিযোগে দায়ের করা মামলায় চার আসামির বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছেন আদালত।
রোববার (২৭ সেপ্টেম্বর) রাতে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের নাজির ফখরুদ্দিন স্বপন আদেশের বিষয়টি নিশ্চিত করেন।
গ্রেপ্তারি পরোয়ানাভুক্ত আসামিরা হলেন- কচুয়া উপজেলার করইশ গ্রামের তরিকুল ইসলাম, শফিকুল ইসলাম, শরীফুল ইসলাম ও গাজী গোলাম মোস্তফা।
মামলার বিবরণীতে জানা যায়, আসামিরা বেআইনিভাবে ইসলামীয়া হাসপাতালের কার্যালয়ে প্রবেশ করে অতর্কিত হামলা চালায়। তারা লোহার রড ও লাঠি দিয়ে পিটিয়ে মামলার বাদী ওমর ফারুক মজুমদারকে গুরুতর আহত করে। হামলায় তাঁর বুকের পাঁজরের হাড় ভেঙে যায় বলে অভিযোগে উল্লেখ করা হয়েছে।
অভিযোগে আরও বলা হয়, হামলাকারীরা ক্যাশবাক্স ভেঙে ১৫ লাখ টাকা লুট করে এবং কর্মকর্তা-কর্মচারী ও রোগীদের তাড়িয়ে দিয়ে হাসপাতালের প্রধান ফটকে তালা লাগিয়ে দেয়। পরবর্তীতে চিকিৎসার জন্য হাসপাতালে গেলেও সেখানে গিয়ে বাদী ও তাঁর স্বজনদের প্রাণনাশের হুমকি দেওয়া হয়।
ঘটনার পর স্থানীয় থানায় আইনি সহায়তা না পেয়ে ভুক্তভোগী আদালতের শরণাপন্ন হন।
পরবর্তীকালে সাক্ষীদের জবানবন্দি ও জখমী সনদ পর্যালোচনা করে অভিযোগের প্রাথমিক সত্যতা পেয়ে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মো. মুজাহিদুর রহমান অভিযুক্ত চার আসামির বিরুদ্ধে এই গ্রেপ্তারি পরোয়ানা জারির আদেশ দেন।

আকাবা কম্পিউটার একাডেমী
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র
প্রতিষ্ঠাকালঃ ২০০৭
প্রতিষ্ঠান কোডঃ ৬৬০৪৮
ইআইআইএনঃ ১৩৫৬৪১
২৫% ছাড় ভর্তি চলছে!
কম্পিউটার অফিস এপ্লিকেশন ৩/৬ মাস মেয়াদী
কম্পিউটার গ্রাফিক্স ডিজাইন ৩/৬ মাস মেয়াদী
কম্পিউটার হার্ডওয়্যার এন্ড নেটওয়ার্কিং ৩/৬ মাস মেয়াদী
ওয়েব পেজ ডিজাইনিং ৩/৬ মাস মেয়াদী
ফ্রি-ল্যান্সিং
এইচ.এস.সি সিলেবাস অনুযায়ী আইসিটি পড়াই।
অধ্যাপক মিজানুর রহমান ফাহিম
বিপণিবাগ পৌর সুপার মার্কেট
কুমিল্লা রোড, চাঁদপুর,
01712-856510, https://chandpurict.blogspot.com

চলতি মাসের উমরাহ বুকিং চলছে
প্রতি মাসেই উমরাহ বুকিং হবে ইনশা আল্লাহ
মাওলানা আবু জাফর সিদ্দিকী
প্যাকেজের অন্তর্ভুক্ত: খাবার, ভিসা, হোটেল, টিকেট, ট্রান্সপোর্ট, যিয়ারাহ, ইন্স্যুরেন্স
সফর হউক আনন্দময়, ইবাদাত হউক তাকওয়াময়
হজ্জ ও উমরাহ করার জন্য আগ্রহীগন যোগাযোগ করুন।
Standard প্যাকেজ ডাইরেক্ট ফ্লাইট ১,৭৫,০০০
Economy প্যাকেজ ডাইরেক্ট ফ্লাইট ১,৫৫,০০০
Economy প্যাকেজ ট্রানজিট ফ্লাইট ১,৪৫,০০০
বিগত ২৬ বছরের অভিজ্ঞতা সম্পন্ন মুয়াল্লিম দ্বারা সহীহ শুদ্ধভাবে হজ্জ ও উমরাহ পালনের বিশ্বস্ত প্রতিষ্ঠান
চেয়ারম্যান হজ্জ কাফেলা হাজীগঞ্জ, চাঁদপুর।
পরিচালনায়: মাওলানা আবু জাফর সিদ্দিকী
হাজীগঞ্জ টাওয়ার তৃতীয় তলা- দক্ষিণ পূর্ব কর্ণারে, হাজীগঞ্জ, চাঁদপুর।
01613-119652
01871-634121
01629-804375

মিষ্টি, দধি সহ যাবতীয় মিষ্টান্ন দ্রব্যের
অপ্রতিদ্বন্দ্বি অভিজাত মিষ্টি বিপণী
ওয়ান মিনিট
চপ, কাকলেট, মোগলাই, বিরিয়ানী,
চাইনিজ সহ বিভিন্ন রুচিশীল খাবারের জন্য
হেভেন
প্রেসক্লাব সড়ক, চাঁদপুর, ফোন- ০৮৪১৬৩২১০

অনুবাদ! অনুবাদ!! অনুবাদ!!!
রিলাইয়েন্স অনুবাদ কেন্দ্র
সরকারি রেজিঃ নং- ০২০৪০৫০৮
(সরকার অনুমোদিত রির্ভরযোগ্য ভাষা অনুবাদ সংস্থা)
আরবী, বাংলা, ইংরেজী, ইতালী, জাপানী, মালয়েশিয়া ইত্যাদি ভাষার অনুবাদ। সার্টিফিকেট, কাবিন নামা, ম্যারেজ সার্টিফিকেট, এনওসি, ভিসা, পাসপোর্ট, দলিল ইত্যাদি অনুবাদ এবং নোটারী পাবলিক, ফরেন মিনিষ্ট্রি এম্বাসী এটাষ্টেশন সহ বিদেশে পরিবার নেওয়ার যাবতীয় কাজ ও প্রবাসে শ্রমজীবীদের যাবতীয় কেইচ/মামলা, ডেড কেইচ ইত্যাদির কাগজ পত্রাদির অনুবাদ ও যাবতীয় সত্যায়িতের কাজে পরামর্শ ও সহযোগিতা করে থাকি।
ঢাকা অফিস : ১৭/২, তোপখানা রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ।
বাসা ও অফিস : আনসারী মঞ্জিল, বিলুপ্ত চিত্রলেখার মোড়, কুমিল্লা রোড, চাঁদপুর।
মোবাইল : ০১৯৫০-৩৪১৯৪৮, ০১৭১৬-২০১৫৩১

